

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩৩৬

পর্ব-১৩: বিবাহ (১৫১)

পরিচ্ছেদঃ ১৫. তৃতীয় অনুচ্ছেদ - 'ইদ্দত

আরবী

وَعَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ: قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ أَيُّمَا امْرَأَةٍ طُلِّقَتْ فَحَاضَت حَيْضَةً أَوْ حَيْضَتَيْنِ ثُمَّ رُفِعَتْهَا حيضتُها فإنَّها تنتظِرُ تسعةَ أشهرٍ فإنْ بانَ لَهَا حَمْلٌ فَذَلِكَ وَإِلَّا اعْتَدَّت بَعْدَ التِّسْعَةِ الْأَشْهَرِ ثلاثةَ أشهرٍ ثمَّ حلَّت. رَوَاهُ مَالك

বাংলা

৩৩৩৬-[১৩] সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার ইবনুল খত্ত্বাব বলেন, তালাকপ্রাপ্তা রমণীর এক বা দুই ঋতুস্রাবের পরে যদি স্রাব বন্ধ হয়ে যায়, তবে তার 'ইদ্দত প্রসবান্তে অপেক্ষা করবে, অন্যথায় নয় মাস পরে আরও তিন মাস 'ইদ্দত পালন করবে। অতঃপর তার 'ইদ্দত শেষ হবে। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ: মালিক ১২৭০, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ১৫৪১২, মুসনাদুশ্ শাফি'ঈ ১৯০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উমার ইবনুল খত্ত্বাব (রাঃ)-এর বর্ণিত আসারে তালাকপ্রাপ্তা নারীর 'ইদ্দাতের একটি রূপ তুলে ধরা হয়েছে। মূলত 'ইদ্দত পালনের ক্ষেত্রে নারীভেদে বিভিন্ন রূপ রয়েছে। যেমন হায়িয হয় এমন নারী গর্ভবতী না হলে তিন হায়িয বা তিন পবিত্রতা পার করার মাধ্যমে 'ইদ্দত পালন করবে। গর্ভবতী হলে প্রসবের মাধ্যমে 'ইদ্দত শোল হবে। আর যে নারীর হায়িয হয় না সে তিন মাস অতিক্রম করার মাধ্যমে 'ইদ্দত পালন করবে। তালাকপ্রাপ্তা নারীর এই তিনটি হুকুম কুরআনুল মাজীদে বর্ণিত। বর্ণিত হাদীস বা আসারে ভিন্ন একটি রূপ তুলে ধরা হয়েছে। অর্থাৎ কোনো মেয়ে তালাকপ্রাপ্তা হওয়ার পর মেয়েটি ঋতুবতী হওয়ার কারণে মাসিক ঋতু অতিক্রমের মাধ্যমে 'ইদ্দত পালন শুরু করলো, এক বা দুই হায়িয অতিক্রম করার পর মেয়েটির হায়িয বন্ধ হয়ে গেলো, হায়িয বন্ধ হওয়ার কারণে মেয়েটি গর্ভবতী কিনা, এই সন্দেহ আসার কারণে নয় মাস অপেক্ষা করবে, নয় মাস পর যদি গর্ভের কোনো লক্ষণ না দেখা দেয় তখন নিশ্চিত হলো যে, মেয়েটির গর্ভবতী হওয়ার কারণে হায়িয বন্ধ হয়নি,



তাই তখন থেকে সে হায়িয হয় না এমন নারীর 'ইদ্দত অর্থাৎ তিন মাস 'ইদ্দত পালন করবে। এই মাসআলার ক্ষেত্রে 'উমার -এর মতো ইবনু 'আব্বাস -এরও এই মত। (আল মুনতাকা ৫ম খন্ড, হাঃ ১১৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন